

## সংবাদ বিবৃতি

### শহীদ বুদ্ধিজীবী অধ্যাপক ড. জ্যোতির্ময় গুহঠাকুরতার পারিবারিক ভূসম্পত্তি জবরদখলের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর উদ্বেগ ও নিন্দা

[০৫ জানুয়ারি ২০২২, ঢাকা] বরিশালের বানারীপাড়া উপজেলা সদরে শহীদ বুদ্ধিজীবী জ্যোতির্ময় গুহঠাকুরতার পারিবারিক ভূসম্পত্তি দখলের অভিযোগের বিষয়ে উদ্বেগ ও নিন্দা জানাচ্ছে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)।

গণমাধ্যম সূত্রে জানা যায়, বানারীপাড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন শহীদ বুদ্ধিজীবী জ্যোতির্ময় গুহঠাকুরতার ভাই প্রয়াত প্রফুল্ল কুমার গুহের দুই ছেলে অনুপ গুহ ও পল্লব গুহের নামে রেকর্ডীয় পাঁচ শতাংশ জমি আছে যা স্থানীয় সংসদ সদস্য শাহে আলম এর উপস্থিতিতে জবরদখল করে নেয়া হয় বলে অভিযোগ করেছেন অনুপ গুহ। তিনি গণমাধ্যমকে জানান, গত ২ জানুয়ারি ২০২২ তারিখ বিকেল সাড়ে ৪টার দিকে সাংসদ শাহে আলম লোকজন নিয়ে তাদের জমিতে থাকা টিনের বেড়া ভেঙে ফেলেন। একই সময় পার্শ্ববর্তী বালিকা বিদ্যালয়ের দেয়াল ভেঙে জমিটি বিদ্যালয়ের সঙ্গে মিলিয়ে দেওয়া হয়। অনুপ গুহ বাঁধা দিলেও তাকে হুমকি-ধামকি দিয়ে চলে যেতে বাধ্য করা হয়। উল্লেখ্য, বিদ্যালয়ের পাশে পৈত্রিক সূত্রে তাদের দুই ভাইয়ের ১৩ শতাংশ জমি ছিল। এরমধ্যে আট শতাংশ জমি মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন করার জন্য ২০২১ সালে অধিগ্রহণ করা হয়। বাকি পাঁচ শতাংশ জমিতে রেডসান নামে শিশুদের একটি বিদ্যালয় ছিল। এছাড়াও ঐ সম্পত্তিতে অনুপ গুহ ও পল্লব গুহের পক্ষে মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থায়ী নিষেধাজ্ঞা রয়েছে।

মুক্তিযুদ্ধে শহীদ বুদ্ধিজীবীর পারিবারিক সম্পত্তি দখলের যে অভিযোগ গণমাধ্যমে এসেছে তা অত্যন্ত উদ্বেগজনক। শহীদ বুদ্ধিজীবী পরিবারের সম্পত্তি জবরদখলের ঘটনায় এইচআরএফবি নিন্দা প্রকাশের পাশাপাশি জ্যোতির্ময় গুহঠাকুরতার পারিবারিক ভূসম্পত্তি অবিলম্বে দখলমুক্ত করে পূর্বে অবস্থায় ফিরিয়ে এনে ভূমির বর্তমান মালিকদের নিকট তা হস্তান্তরের দাবি জানাচ্ছে। একইসাথে ফোরাম সূষ্ঠ তদন্তসাপেক্ষে এ ঘটনার সাথে জড়িতদের, তাদের রাজনৈতিক বা সামাজিক পরিচয় যাই হোক না কেন, জবাবদিহিতা নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে। সেইসাথে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে জোরপূর্বক এই সম্পত্তি দখলের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ তদন্ত শেষে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/

#### Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).